সোসাইটি ফর দ্য ওয়েলফেয়ার অব দ্য ইন্টেলেকচুয়ালী ডিসএবল্ড, বাংলাদেশ (সুইড বাংলাদেশ)
৪/এ, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০, ফোন-৯৩৩৪০০৯, ৯৩৫৬৫৯২
ই-মেইল: admin@swidbd.info; swidbd@gmail.com,
ওয়েব সাইট: swidbd.info

'সুইড বাংলাদেশ চাকুরী প্রবিধানমালা, বেতন কাঠামো ও আর্থিক বিধি'-২০১৯

Service Rules, Pay Scale and Financial Rules of SWID-Bangladesh-2019

শুভেচ্ছা মূল্য: ৩০০ টাকা

সোসাইটি ফর দ্য ওয়েলফেয়ার অব দ্য ইন্টেলেকচুয়ালী ডিসএবল্ড, বাংলাদেশ (সুইড বাংলাদেশ)
৪/এ, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০, ফোন-৯৩৩৪০০৯, ৯৩৫৬৫৯২
ই-মেইলঃ admin@swidbd.info; swidbd@gmail.com,
ওয়েব সাইটঃ swidbd.info

'সুইড বাংলাদেশ চাকুরী প্রবিধানমালা, বেতন কাঠামো ও আর্থিক বিধি'-২০১৯

Service Rules, Pay Scale and Financial Rules of SWID-Bangladesh-2019

ভূমিকা ঃ

বুদ্ধি প্রতিবন্ধীসহ সব ধরনের স্নায়বিকাশ প্রতিবন্ধী ব্যক্তিদের শিক্ষা, প্রশিক্ষণসহ অন্যান্য যাবতীয় কার্যক্রম পরিচালনা করতে সুইড বাংলাদেশ এর প্রধান কার্যালয় ও এর আওতাধীন বিভিন্ন ইউনিট এবং বিভিন্ন শাখার মাধ্যমে পরিচালিত স্কুল সমূহে বেতনভূক্ত কর্মকর্তা, কর্মচারী, শিক্ষক, প্রশিক্ষক, গবেষক, থেরাপিষ্ট, মনোবিজ্ঞানী ও পরামর্শদাতা নিয়োজিত রয়েছেন। তাদের কাজকর্ম নিয়ন্ত্রনের নিমিত্তে একটি 'চাকুরী প্রবিধানমালা' ও 'বেতন কাঠামো' থাকা আবশ্যক। ১৯৯৫ সালের চাকুরী বিধি ও বেতনক্রম হাল নাগাদ করার প্রায় ১৬ বছর পর ২০১১ সালে পুনরায় নতুন করে চাকুরী বিধি ও বেতনক্রম সংশোধন করা হয়েছিল। এরপর প্রায় ৮ বছর অতিবাহিত হওয়ায় পরিবর্তিত পরিস্থিতি ও প্রেক্ষাপটের আলোকে চাকুরী বিধি ও বেতন কাঠামো সংশোধন এবং পরিবর্তন করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। ইতিমধ্যে ২০১৫ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ- ২০১৫ শিরোনামে একটি আদেশ) জারী করেছে। এতে সুইড বাংলাদেশ এর বেতন কাঠামোর সাথে বিরাট ব্যবধান হয়েছে। কর্মীদের মনোবল যাতে অক্ষুন্ন থাকে তার জন্য সরকারী বেতনক্রমের সাথে সংগতি রেখে একই রকম বেতন-ভাতা প্রদানের নিমিত্তে সুইড বাংলাদেশ এর বেতনক্রম সংশোধন করা অত্যাবশ্যক।

পূর্বের চাকুরী বিধি ও বেতন ক্রমের ধারাবাহিকতায় বর্তমান প্রেক্ষাপটে সরকারী চাকুরী বিধি ও বেতন কাঠামোর সাথে সামঞ্জস্য রেখে ক্ষেত্র বিশেষে প্রয়োজনীয় পরিবর্তন করে নতুন চাকুরী বিধি ও বেতন কাঠামো প্রণয়ন করা হলো। এই চাকুরী প্রবিধানমালা ও বেতন কাঠামো অনুমোদনের পর ইতিপূর্বেকার যাবতীয় এ সংক্রান্ত বিধি সমূহ বাতিল বলে গণ্য হবে।

আবশ্যক বোধে জাতীয় নির্বাহী কমিটি এই চাকুরী বিধি ও বেতন কাঠামোর যে কোন অংশ পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন, সংশোধন এবং সংশোধিত সার্ভিস রুলস অনুমোদন করবে।

শিরোনামঃ

'সুইড বাংলাদেশ চাকুরী প্রবিধানমালা, বেতন কাঠামো ও আর্থিক বিধি'-২০১৯ (Service Rules, Pay Scale and Financial Rules of SWID-Bangladesh-2019) নামে অভিহিত হবে।

প্রয়োগ ও আওতাঃ এই চাকুরী প্রবিধানমালা ও বেতন কাঠামো সমগ্র বাংলাদেশে সুইড বাংলাদেশ কর্তৃক পরিচালিত সকল ইউনিট ও শাখা সমূহের সর্ব পর্যায়ের কর্মচারী ও কর্মকর্তাদের জন্য প্রযোজ্য হবে এবং অবিলম্বে কার্যকর হবে।

১। সংজ্ঞাঃ

ক) সোসাইটি/সুইড বাংলাদেশ (SWID Bangladesh) বলতে সোসাইটি ফর দ্য ওয়েলফেয়ার অব দ্য ইন্টেলেকচুয়ালী ডিসএবল্ড, বাংলাদেশ (Society for the Welfare of the Intellectually Disabled, Bangladesh) বুঝাবে।

খ) কর্মচারী (Employee) বলতে সুইড বাংলাদেশ এর প্রধান কার্যালয়সহ বিভিন্ন ইউনিটে এই বিধির আওতায় নিযুক্ত এবং শাখা সমূহের সকল শিক্ষক, প্রফেশনাল, কর্মচারী ও কর্মকতাকে বুঝাবে।

মোহাম্মদ মোসলেম
সভাপতি
সুইড বাংলাদেশ

জওয়াহেরুল ইসলাম মামুন
মহাসচিব
সুইড বাংলাদেশ

মাহ্মুদুল হক তাহের
কোষাধ্যক্ষ
সুইড বাংলাদেশ

Md. Nazrul Islam
Director
SWID Bangladesh

গ) (NEC) এনইসি বলতে জাতীয় নির্বাহী কমিটি (National Executive Committee)-কে বুঝাবে।

ঘ) (BEC) বিইসি বলতে শাখা নির্বাহী কমিটি (Branch Executive Committee)-কে বুঝাবে।

ঙ) (NIIDA) এনআইআইডিএ বলতে ন্যাশনাল ইনস্টিটিউট ফর দ্য ইন্টেলেকচুয়ালী ডিসএবল্ড এন্ড অটিজম (National Institute for the Intellectually Disabled and Autistic) বুঝাবে।

চ) (Management Council) ব্যবস্থাপনা পরিষদ বলতে ন্যাশনাল ইনস্টিউট ফর দ্য ইন্টেলেকচুয়ালী ডিসএবল্ড এন্ড অটিষ্টিক (এনআইআইডিএ) এর ব্যবস্থাপনা পরিষদ বুঝাবে।

ছ) (Governing Body) গভর্ণিং বডি বলতে বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ (Special Education Teachers Training College) এবং সুইড ল্যাবরেটরী মডেল স্কুল এর গভর্ণিং বডি (Governing Body) কে বুঝাবে।

জ) (Management Committee): ম্যানেজমেন্ট কমিটি বলতে সুইড পরিচালিত বিদ্যালয় সমূহের ব্যবস্থাপনা কমিটিকে বুঝাবে।

ঝ) (Vacation Staff) ভ্যাকেশন স্টাফ বলতে যারা শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার সাথে সরাসরি জড়িত কর্মকর্তা ও কর্মচারীগণ তাদের বুঝাবে।

(ঞ) (Non- Vacation Staff) নন-ভ্যাকেশন স্টাফ বলতে যারা শিক্ষা প্রতিষ্ঠানের সরাসরি শিক্ষা কর্মের সাথে জড়িত নন এমন কর্মকর্তা ও কর্মচারীগণকে বুঝাবে।

(ট) (Officer/ অফিসার)'কর্মকর্তা' বলতে সুইড এ নিয়মিতভাবে নিয়োজিত কোন কর্মকর্তাকে বুঝবে।

(ঠ) (Staff/স্টাফ) 'কর্মচারী' বলতে সুইড এ নিয়মিতভাবে নিয়োজিত কোন কর্মচারীকে বুঝবে।

(ড) (Employment Authority/ এমপ্লয়মেন্ট অথরিটি) 'নিয়োগকারী কর্তৃপক্ষ' বলতে সুইড কর্তৃপক্ষকে বুঝবে।

(ঢ) (Recruitment)রিক্রুটমেন্ট/ 'নিয়োগ'বলতে প্রযোজ্য নিয়মনীতি অনুসরণক্রমে নিয়োগদানকে বুঝবে।

(ণ) (Misbehavior)মিসবিহ্যাবিয়ার/Misconduct 'অসদাচারণ' বলতে চাকুরীর নিয়ম-শৃঙ্খলা, বিধি-নিষেধ লঙ্ঘন অথবা কোন কর্মকর্তা/কর্মচারী বা ভদ্রজনের পক্ষে শোভনীয় নয় এমন কোন আচরণ'কে বুঝাবে এবং নিম্ন বর্ণিত আচরণসমূহও অন্তর্ভূক্ত হবে, যথা-

(১) শ্রম আইনে বর্ণিত অসদাচরণ(Misconduct as defined by labour Law)।

(২) উর্দ্ধতন কর্মকর্তার আইনসঙ্গত আদেশ অমান্যকরণ (Dishonour to legal order of superior Officer)।

(৩) কর্তব্যে অবহেলা (Negligance to duties)।

(৪) নির্বাহী কমিটির কোন আদেশ, পরিপত্র অথবা নির্দেশের প্রতি অবজ্ঞা প্রদর্শন (Dishonour to order/ office Order of Executive Committee without any lagal cause) এবং

(৫) কর্তৃপক্ষের নিকট কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিরক্তিকর, মিথ্যা বা অসার অভিযোগ উত্থাপন করা (State of any unsatisfactory, false or valueless claims against any office personnel to the authorities)।

মোহাম্মদ মোসলেম
সভাপতি
সুইড বাংলাদেশ

তাওয়াহেরুল ইসলাম মামুন
মহাসচিব
সুইড বাংলাদেশ

মাহমুদুল হক তাহের
সুইড বাংলাদেশ

Md. Nurul Islam
Director
SWID Bangladesh

২। নিয়োগ পদ্ধতি (Recruitment Procedure)ঃ

(১) এই অধ্যায় এবং সংযুক্ত তফসিলের বিধানাবলী সাপেক্ষে সুইড এর অনুমোদিত সাংগঠনিক কাঠামোর শূন্য পদে নিম্ন বর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা হবে ঃ-

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে (Direct Recruitment Procedure)।

(খ) পদোন্নতির মাধ্যমে (Promotion Procedure)।

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে (Deputation Procedure)।

(ঘ) আত্মীকরনের মাধ্যমে (Regularization Procedure)।

২) সকল পর্যায়ের নিয়োগ জাতীয় নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদনের পর কার্যকর হবে। পদোন্নতির মাধ্যমেও কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের দ্বারা পদ পুরন করা যাবে। আবশ্যক বোধে কর্মরতদের মধ্যে পদোন্নতির যোগ্যতা সম্পন্ন প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগ করা যাবে।

৩) জাতীয় নির্বাহী কমিটি সমিতির প্রধান কার্যালয়, এনআইআইডিএ (NIIDA), কলেজ, সুইড ল্যাবরেটরী মডেল স্কুল ও শাখা সমূহের জন্য আবশ্যকীয় পদ সমূহ সৃষ্টি ও অনুমোদনের এখতিয়ার রাখে। জাতীয় নির্বাহী কমিটি যে সকল পদ সৃষ্টি করবেন বা অনুমোদন করবেন তার বেতন ভাতা ও সুবিধাদি জাতীয় নির্বাহী কমিটি নিশ্চিত করবেন। কোন শাখা বা বিদ্যালয় বিশেষ চাহিদা পূরণ বা কর্তব্য সম্পাদনের জন্য নিজস্ব অর্থায়নে অতিরিক্ত পদ সৃষ্টি করতে পারবেন। অতিরিক্ত পদের দায়িত্ব ভার সংশ্লিষ্ট শাখা বা বিদ্যালয়ের উপর ন্যস্ত থাকবে।

৪) শাখায় কর্মরত সকল পদের জন্য শাখা নির্বাহী কমিটি এবং অন্যান্য সকল পদের জন্য জাতীয় নির্বাহী কমিটি নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে বিবেচিত হবে। সকল নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ বাছাই কমিটি গঠন করবে, সে বাছাই কমিটিতে কমপক্ষে একজন সংশ্লিষ্ট বিষয়ের বিশেষজ্ঞ থাকবেন। সকল স্থায়ী পদ পূরণের ক্ষেত্রে যথাযথভাবে বিজ্ঞপ্তি প্রচারিত হবে।

৫) নিয়োগের জন্য গঠিত নির্বাচনী বোর্ডের সুপারিশ বিবেচনার পর প্রধান কার্যালয়ের আওতায় সকল নিয়োগ জাতীয় নির্বাহী কমিটির অনুমোদনের পর দায়িত্ব প্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে।

৬) শাখা সমূহে নিয়োগের জন্য গঠিত নির্বাহী বোর্ডের সুপারিশ বিবেচনার পর শাখা নির্বাহী কমিটি উক্ত নিয়োগ অনুমোদন করবেন এবং জাতীয় নির্বাহী কমিটিকে এ তথ্য অবহিত করবেন।

৭) বাংলাদেশের প্রকৃত নাগরিকদের মধ্য থেকে উপযুক্ত প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে নিয়োগের জন্য বিবেচনা করা হবে। নিয়োগের সময় সর্বোচ্চ বয়স সীমা ৩৫ বছর এর উর্ধে হতে পারবে না। প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য এই বয়স সীমা সর্ব্বোচ ৪০ বছর।

৮) চাকুরী বিধির আওতায় সৃষ্ট পদ সমূহ সুইডে চাকরিরত প্রার্থীদের মধ্য থেকে প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন উপযুক্ত কর্মচারী/কর্মকর্তা দ্বারা আত্মীকরণের মাধ্যমে পূরণ করা হবে। যদি কর্মকর্তাদের মধ্য থেকে এমন যোগ্যতা সম্পন্ন প্রার্থী না পাওয়া যায় তবে সরাসরি বিজ্ঞপ্তির মাধ্যমে এবং নির্ধারিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের মধ্য থেকে নির্বাচনী পরীক্ষার মাধ্যমে নিয়োগ করা হবে। জাতীয় নির্বাহী কমিটি/শাখা নির্বাহী কমিটি সরাসরি কোন যোগ্য ও অভিজ্ঞ ব্যাক্তিকে যে কোন প্রয়োজনীয় পদে নিয়োগ দিতে পারবে এবং চুক্তি ভিত্তিক নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা সিথিল যোগ্য হতে পারে।

৯) নতুন নিযুক্তির ক্ষেত্রে যে কোন পদে নিয়োগ ৬ মাস শিক্ষাণবীশ কাল হিসেবে বিবেচিত হবে। শারীরিক যোগ্যতার (Physical Fitness) সনদ পত্র সহ কর্মচারী কাজে যোগদান করবেন। সন্তোষজনক কর্মদক্ষতা প্রদর্শনের পর এবং নির্ধারিত সময়সীমা উত্তীর্ণের পর তার চাকুরির নিয়মিতকরণ করা যাবে। প্রয়োজনবোধে কর্তৃপক্ষ এ শিক্ষানবীশকাল বর্ধিত করতে পারবেন।

মোহাম্মদ মোসলেম
সভাপতি
সুইড বাংলাদেশ

জওয়াহেরুল ইসলাম মামুন
মহাসচিব
সুইড বাংলাদেশ

মাহমুদুল হক তাহের
সুইড বাংলাদেশ

Md. Asraful Islam
Director
SWID Bangladesh

১০) বর্তমানে কর্মরত কর্মচারী কর্মকর্তাগণ চাকুরি বিধিতে উল্লিখিত নতুন পদমর্যাদায় যথোপযুক্ত পদে আত্মীকরণ হবেন।

১১) বেতন ভূক্ত কর্মকর্তা-কর্মচারীগণ কর্মরত অবস্থায় সুইড এর সদস্য পদ লাভ করতে পারবে না; কোন কর্মকর্তা কর্মচারী সদস্য পদ লাভ করতে ইচ্ছুক হলে তাকে চাকুরি হতে অব্যাহতি নিয়ে সদস্য পদের আবেদন করতে হবে। পূর্বেই যদি কেউ সুইডের সদস্যপদ গ্রহণ করে থাকেন তবে তিনি কর্মে নিয়োগ প্রাপ্ত হলে ঐ সময় কালীন সমিতিতে তার সদস্যপদ স্থগিত থাকবে।

বাছাই কমিটি ঃ

সুইড বাংলাদেশ অনুমোদিত সাংগঠনিক কাঠামোর শূন্য পদে সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য সময় সময় উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক এক বা একাধিক বাছাই কমিটি বা সিলেকশন কমিটি গঠন করবে।

৩। পদোন্নতিঃ

(ক) সমিতির প্রধান কার্যালয়, এনআইআইডিএ, কলেজ, সুইড ল্যাবরেটরী মডেল স্কুল, শাখা সমূহের উচ্চতর পদ সমূহ কর্মরত জুনিয়র কর্মকর্তাদের মধ্য থেকে পদোন্নতির মাধ্যমে অথবা সরাসরি নিয়োগ দিয়ে পূরণ করা হবে।

(খ) উচ্চতর পদে পদোন্নতির জন্য অথবা উচ্চতর বেতন কাঠামো প্রদানের জন্য কোন কর্মচারীকে বিবেচনার ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে পদোন্নতি বা উচ্চতর বেতনক্রম প্রদান করা হবেঃ

(১) কোন নির্দিষ্ট পদে বা সমমানের পদে কমপক্ষে পাঁচ (৫) বছরের সন্তোষজনক চাকুরীকাল হতে হবে,

(২) সন্তোষজনক বার্ষিক মূল্যায়ন প্রতিবেদনে পদোন্নতির সুপারিশ থাকতে হবে,

(৩) এই উদ্দেশ্যে গঠিত নির্বাচনী বোর্ড কর্তৃক সুপারিশকৃত হতে হবে,

(৪) কোন কর্মচারী কর্মকর্তা সন্তোষজনক বিবেচিত না হলে তাকে পদোন্নতি বা উচ্চতর বেতন কাঠামো প্রদান করা হবে না।

(৫) চাকুরিতে শুধুমাত্র বয়োজেষ্ঠ্যতাই পদোন্নতির একমাত্র মাধ্যম নয়।

(গ) কোন কর্মকর্তা কর্মচারী পদোন্নতি প্রাপ্তি পরীক্ষায় অকৃতকার্য হলে সেই কর্মকর্তা কর্মচারীকে দুই (২) বছর পর আবার পদোন্নতির জন্য মূল্যায়ন করা হবে, তিনি যদি জাতীয় নির্বাহী কমিটি/শাখা নির্বাহী কমিটি কর্তৃক গঠিত পদোন্নতি কমিটি দ্বারা সন্তোষজনক হিসেবে বিবেচিত হন তবে জাতীয় নির্বাহী কমিটি/শাখা নির্বাহী কমিটি তাকে পদোন্নতি প্রদান করবে। এরপর তিনি পদোন্নতির জন্য তার চাকুরি জীবনে আর কোন সুযোগ পাবেন না; তবে চাকুরীতে জেষ্ঠ্যতার ভিত্তিতে তিনি বেতন ভাতাদি ও টাইমস্কেল ইত্যাদি পাবেন।

(ঘ) সকল প্রকার পদোন্নতি পদের আবশ্যকতা সাপেক্ষে কার্যকর করা হবে।

(ঙ) আবশ্যক বোধে জাতীয় নির্বাহী কমিটি বিশেষ বিবেচনায় যে কোন কর্মকর্তা-কর্মচারীকে পদোন্নতি প্রদান করতে পারবে।

৪. অতিরিক্ত দায়িত্ব

ক) যদি কোন কর্মচারী কর্মকর্তাকে তার পদমর্যাদার উপরের কোন পদমর্যাদার কাজ করানোর প্রয়োজন অনুভূত হয় এবং তা যদি কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের অতিরিক্ত হয় তবে ৩০ দিনের পর থেকে তিনি জাতীয় নির্বাহী কমিটি/ ব্যবস্থাপনা পরিষদ/ গভর্ণিং বডি কর্তৃক অনুমোদিত হারে তার মূল বেতনের ১০% সর্বাচ্চ ১,৫০০/- (এক হাজার পাঁচ শত) টাকার অতিরিক্ত ভাতা পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন। অতিরিক্ত কাজের প্রকৃতি ও পরিমান অনুযায়ী এ অতিরিক্ত কাজের ভাতা প্রদান করা হবে। এ ধরণের কর্মকর্তাগণ তার স্বীয় কাজের অতিরিক্ত দায়িত্ব হিসেবে উপরোল্লিখিত দায়িত্ব পালন করবেন।

মোহাম্মদ মোসলেম
সভাপতি
সুইড বাংলাদেশ

তাওয়াহেরুল ইসলাম মামুন
মহাসচিব
সুইড বাংলাদেশ

মাহমুদুল হক তাহের
সুইড বাংলাদেশ

Md. Nurul Islam
Director
SWID Bangladesh

সাধারণ ছুটিঃ

মহাসচিব/নির্বাহী সচিব বা তাদের দ্বারা ক্ষমতাপ্রাপ্ত কোন কর্তৃপক্ষ এ ছুটি মঞ্জুর করবেন।

ক) **নৈমিত্তিক ছুটিঃ** নিম্নলিখিত নীতিমালা অনুসরন করে জাতীয় নির্বাহী কমিটি/শাখা নির্বাহী কমিটি/ম্যানেজমেন্ট কাউন্সিল বা ব্যবস্থাপনা পরিষদ ভ্যাকেশন ও ননভ্যাকেশন উভয় ধরণের কর্মকর্তা কর্মচারীদের পূর্ণ বেতনে বছরে ২০(বিশ) দিনের ছুটি মঞ্জুর করবেন।

(১) নৈমিত্তিক ছুটি অন্য কোন ছুটির সাথে একত্র করে নেয়া যাবে না।

(২) প্রাকৃতিক দূর্যোগ, শারীরিক অসুস্থতা ইত্যাদি সহ বিশেষ কোন পরিস্থিতির উদ্ভব না হলে একত্রে ৫(পাঁচ) দিনের বেশী নৈমিত্তিক ছুটি নেয়া যাবে না।

(৩) নৈমিত্তিক ছুটির জন্য ছুটিতে যাবার পূর্বেই আবেদন করতে হবে। কোন নৈমিত্তিক ছুটি কাটানো না হলে তা বছর শেষে বাতিল হয়ে যাবে।

খ) **মাতৃত্ব কালীন ছুটিঃ** যদি কোন মহিলা কর্মী/কর্মকর্তার চাকুরির বয়স কমপক্ষে দুই বছর হয়ে থাকে তবে তিনি মেডিকেল সার্টিফিকেট প্রদর্শণ সাপেক্ষে ৬ (ছয়) মাস বা ২৪ (চব্বিশ) সপ্তাহের মাতৃত্ব কালীন পূর্ণ বেতনে ছুটি পাবেন। জাতীয় নির্বাহী কমিটি (NEC), শাখা নির্বাহী কমিটি (BEC), ব্যবস্থাপনা বোর্ড এরকম ছুটি মঞ্জুর করবেন। কোন কর্মচারী/কর্মকর্তাকে তার চাকুরিকালীন সময়ে দুই বারের বেশী এমন ছুটি মঞ্জুর করা হবে না।

গ) কর্মকর্তা কর্মচারীগণ সরকারী নিয়ম অনুসরণ করে অন্যান্য সকল ছুটি ভোগ করবেন।

ঘ) **অর্জিত ছুটিঃ** সমিতির নন-ভ্যাকেশন কর্মকর্তা/কর্মচারীগণ নিম্নবর্ণিত নিয়মে অর্জিত ছুটি ভোগ করবেন ঃ

(১) নন-ভ্যাকেশন স্টাফ হিসেবে কমপক্ষে ২ (দুই) বছর চাকুরি সমাপ্ত করেছেন এবং চাকুরিরত আছেন এমন ষ্টাফ প্রতি বছর ২০ (বিশ) দিন ছুটি পাবেন।

(২) সাপ্তাহিক ছুটি ও সরকারী ছুটির সাথে অর্জিত ছুটি সমন্বিত হবে না।

(৩) নির্দিষ্ট বছরের নির্ধারিত অর্জিত ছুটি বছরের যে কোন সময় ভোগ করতে পারবেন এবং যদি কোন কর্মচারী/কর্মকর্তা যে অর্জিত ছুটি ভোগ করেছেন তা যদি নির্দিষ্ট বছরে অর্জনে ব্যর্থ হন তবে ঐ বছরের বেতন থেকে উক্ত কর্মদিবসের সমপরিমান টাকা কর্তন করে নেয়া হবে।

(৪) একই বছরের মধ্যে যদি অর্জিত ছুটি নেয়া না হয় তবে আপনা আপনি উক্ত ছুটি পরবর্তী বছরে অর্জিত ছুটির সাথে যোগ করা হবে।

(৫) অর্জিত ছুটি পাওয়ার যোগ্য কর্মচারী/কর্মকর্তা তার অর্জিত ছুটি কখন ভোগ করতে চান তা কর্তৃপক্ষকে আগাম জানাতে হবে এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন নিতে হবে।

(৬) সমিতির স্বার্থে কাজ করার প্রয়োজনে যদি কোন কর্মচারী/কর্মকর্তাকে তার অর্জিত ছুটির কোন অংশ বা পূর্ণ সময় ব্যয় করতে হয় এবং এজন্য যদি তিনি অর্জিত ছুটি ভোগ করা থেকে বঞ্চিত হন তবে তাকে সংশ্লিষ্ট দিন সমূহের জন্য মূল বেতনের সম পরিমান বেতন প্রদান করা হবে।

মোহাম্মদ মোসলেম
সভাপতি
সুইড বাংলাদেশ

জওয়াহেরুল ইসলাম মামুন
মহাসচিব
সুইড বাংলাদেশ

মাহমুদুল হক তাহের
সুইড বাংলাদেশ

Md. Nurul Islam
Director
SWID Bangladesh

... বোধে উচ্চতর পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা তার নিম্নস্তরের কর্মকর্তার উপর অর্পিত দায়িত্ব পালন করবেন। তার নিজস্ব কাজের অতিরিক্ত কাজ হিসেবে এ কাজ করার জন্য তিনি বাড়তি ভাতা পাবেন না।

৫। <u>কর্মঘন্টা/দিবসঃ</u>

ক) প্রতিদিন ৩০ মিনিটের মধ্যাহ্নভোজ/নামাজের বিরতি সহ প্রতি সপ্তাহে সকল কর্মকর্তা কর্মচারীর কমপক্ষে ৪০ ঘন্টা কাজ করতে হবে এবং কর্মক্ষেত্রে উপস্থিত থাকতে হবে।

খ) নন-ভ্যাকেশন কর্মচারীগণ সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটি ব্যতিত সকল কর্মদিবসে কাজ করবেন।

গ) ভ্যাকেশন স্টাফ সমিতির জাতীয় নির্বাহী কমিটি অনুমোদিত তালিকা অনুযায়ী বছরে কমপক্ষে ২২০ দিন কাজ করবেন।

ঘ) শিক্ষক/শিক্ষিকাগণ সপ্তাহে ৩০ ঘন্টা শিক্ষকতার কাজে শ্রেণী কক্ষে এবং ১০ ঘন্টা অন্যান্য বিষয়ভিত্তিক পেশাদারিত্বের কাজে যেমন- বাড়ী পরিদর্শণ, মূল্যায়ন, রেকর্ড সংরক্ষণ, পরিকল্পনা প্রণয়ন, মা-বাবাদের বা অভিভাবকদের সাথে তাদের সন্তানদের শিক্ষা সংক্রান্ত বিষয়ে আলোচনা ইত্যাদি কাজে নিয়োজিত থাকবেন।

ঙ) সমিতির প্রধান ও শাখা সমূহের অফিসে কর্মরত এবং জাতীয় বুদ্ধি প্রতিবন্ধী অটিস্টিক ইনস্টিটিউট ও সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ এর সকল কর্মকর্তা কর্মচারীগণ ননভ্যাকেশন স্টাফ ও শিক্ষক-শিক্ষিকা এবং শিক্ষা সহকারীগণ ভ্যাকেশন স্টাফ হিসেবে বিবেচিত হবেন।

চ) সকল কর্মচারী কর্মকর্তাদের জন্য সময়ানুবর্তিতা ও নিয়মানুবর্তিতা যথাযথ ভাবে পালন করা বাধ্যতামূলক। মূল্যায়নের সময় সময়ানুবর্তিতা ও নিয়মানুবর্তিতা বিষয়টি কঠোর ভাবে মানা হবে। একইমাসে প্রতি তিন দিন ১৫ মিনিট করে বিলম্বে কর্মক্ষেত্রে উপস্থিত হওয়ার কারণে একদিনের নৈমিত্তিক ছুটি বা অর্জিত ছুটি বা একদিনের বেতন তার মাসিক বেতন থেকে কর্তন করা হবে। একইভাবে নির্ধারিত সময়ের আধা ঘন্টা আগে যদি বিনা অনুমতিতে কেউ অফিস ত্যাগ করে তবে প্রতি ৩ (তিন) দিনের জন্য ১ (এক) দিনের ছুটি অথবা ১(এক) দিনের বেতন কর্তন করা হবে।

৬। <u>কর্মকর্তা ও কর্মচারী মূল্যায়নঃ</u>

ক) প্রতি বছর ডিসেম্বর ও জানুয়ারী এই দুই মাসে মূল্যায়ন কমিটির মাধ্যমে সকল কর্মকর্তা কর্মচারীর কর্মদক্ষতা মূল্যায়ন করা হবে। পেশাদারিত্ব সম্পন্ন ও অভিজ্ঞ ব্যক্তিদের সমন্বয়ে মূল্যায়ন কমিটি জাতীয় নির্বাহী কমিটি বা ব্যবস্থাপনা পরিষদ বা শাখা নির্বাহী কমিটি কর্তৃক গঠিত হবে। যে সকল কর্মকর্তা কর্মচারীর কাজকর্মের অগ্রগতি সন্তোষজনক পর্যায়ের নীচে হবে তাদেরকে সতর্ক করে দেয়া হবে এবং পরবর্তী বছর এ বিষয়ে ব্যবস্থা নিতে আবার মূল্যায়ন করা হবে। যদি তার কর্মদক্ষতা সন্তোষজনক পর্যায়ে উন্নীত না হয় তবে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

খ) মূল্যায়নের সময় কর্মকর্তা ও কর্মচারীদের ভোগকৃত ছুটির বিষয় সমূহও বিবেচনা করা হবে।

৭। <u>ছুটিঃ</u>

কর্মচারী কর্মকর্তাগণ সার্ভিস রুলস-এ বর্ণিত ছুটি ভোগ করতে পারবেন। সকল ছুটির ক্ষেত্রে নিয়মানুযায়ী আবেদন পত্র আগাম যথাযথ কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে হবে। কোন ছুটি অধিকার হিসেবে দাবী করা যাবে না এবং ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ কর্তৃক ছুটি মঞ্জুর, নামঞ্জুর, বাতিল এবং বিকল্প সময়ে ছুটি গ্রহণের পরামর্শ দেয়ার অধিকার ও এখতিয়ার সংরক্ষিত থাকবে। ছুটি ভোগকারী কর্মচারী-কর্মকর্তা ছুটি ভোগকালীন সময় সমিতির জাতীয় নির্বাহী কমিটি/শাখা নির্বাহী কমিটি/ব্যবস্থাপনা পরিষদ এর বিনা অনুমতিতে অন্য কোন চাকুরি করতে পারবেন না। অনুমোদনযোগ্য ছুটি ও তৎসংশ্লিষ্ট শর্ত সমূহ নিম্নে উল্লেখ করা হলো –

মোহাম্মদ মোসলেম সভাপতি সুইড বাংলাদেশ	জওয়াহেরুল ইসলাম মামুন মহাসচিব সুইড বাংলাদেশ	মাহমুদুল হক তাহের [illegible] সুইড বাংলাদেশ	Md. Nurul Islam Director SWID Bangladesh

বিশেষ ছুটিঃ

জাতীয় নির্বাহী কমিটি ও শাখা নির্বাহী কমিটি দ্বারা ক্ষমতাপ্রাপ্ত প্রশাসনিক প্রধান বা অনুমোদিত অন্য কোন কর্তৃপক্ষ এ ছুটি মঞ্জুর করবেন।

(ক) **এক্সট্রা-অর্ডিনারী লিভ** ঃ- অন্য কোন ধরনের ছুটি সমিতির কর্মকর্তা-কর্মচারীর জন্য প্রযোজ্য হবে না কিন্তু যদি কোন পরিস্থিতির উদ্ভব হয় যা কর্মচারী কর্মকর্তার নিয়ন্ত্রনের বাইরে এবং এ পরিস্থিতি কর্মকর্তা বা কর্মচারী সৃষ্ট নয় এবং কর্মকর্তা বা কর্মচারী কোন অবস্থাতেই তা এড়াতে পারছেন না তবে জাতীয় নির্বাহী কমিটি, শাখা নির্বাহী কমিটি বা ম্যানেজমেন্ট বোর্ড বিনা বেতনে ও বিনা ভাতায় ছুটি মঞ্জুর করতে পারবে।

(খ) **শিক্ষা ছুটি** ঃ উন্নতর ও আরো ভালো সেবা দানের নিমিত্তে কোন প্রফেশনাল স্টাফকে তার দক্ষতা জ্ঞান ও অভিজ্ঞতা বাড়ানোর জন্য জাতীয় নির্বাহী কমিটি/শাখা নির্বাহী কমিটি/ব্যবস্থাপনা বোর্ড কমিটি নিম্নলিখিত শর্ত সাপেক্ষে পূর্ণ বেতনে বা অর্ধ বেতনে শিক্ষা ও গবেষণা কাজের জন্য শিক্ষা ছুটি মঞ্জুর করবেন ঃ

(১) কর্মসূচীটি কর্তৃপক্ষ দ্বারা অনুমোদন এবং মঞ্জুর করা হয়ে থাকলে,

(২) সংশ্লিষ্ট প্রফেশনাল স্টাফ কমপক্ষে দুই বছর সমিতিতে সন্তোষজনক ভাবে কর্মদক্ষতার প্রমাণ রেখে কাজ করে থাকলে,

(৩) সংশ্লিষ্ট প্রফেশনাল কর্মকর্তাকে শিক্ষা ছুটির প্রকৃতি বিবেচনায় জাতীয় নির্বাহী কমিটি/ব্যবস্থাপনা পরিষদ দ্বারা অনুমোদিত নির্ধারিত কোন নিরাপত্তার বা দায়বদ্ধতা ও বিশ্বস্থতার গ্যারান্টি প্রদান করতে হবে যে, প্রশিক্ষণ ও শিক্ষা ছুটি শেষে কমপক্ষে নির্ধারিত তিন বছর সমিতিতে তিনি কর্তৃপক্ষের নির্দেশে কাজ করবেন।

(৪) সেমিনার, কর্মশালা, সভা ইত্যাদিতে যোগদান অথবা শিক্ষা ও প্রশিক্ষণে যোগদানের জন্য যাওয়া ও আসা ইত্যাদি জাতীয় নির্বাহী কমিটি/শাখা নির্বাহী কমিটি/ব্যবস্থাপনা বোর্ড কর্তৃক অনুমোদিত হতে হবে এবং এই সময়কে পূর্ণ বেতনে চাকুরিতে দায়িত্বরত সময় হিসেবে বিবেচনা করা হবে।

৮। বেতন ও ভাতা ঃ

(ক) সুইড বাংলাদেশ বিভিন্ন সময়ে যেরূপ নির্ধারণ করবে, কর্মকর্তা/কর্মচারীদের বেতন ও ভাতা সেরূপ হবে।

(খ) সমিতির প্রধান কার্যালয়, শাখা সমূহ ও এনআইআইডিএ-'র সকল কর্মকর্তা-কর্মচারীগন জাতীয় নির্বাহী কমিটি/শাখা নির্বাহী কমিটি'র অনুমোদনক্রমে বেতন ও ভাতাদি পাবেন। নতুন বেতন কাঠামো ও ভাতাদি অর্থ প্রাপ্তি সাপেক্ষে কার্যকর হবে (নতুন বেতন কাঠামো ও ভাতাদি শর্তসহ সংযুক্তি 'ক'-তে উল্লেখ করা হ'ল)।

(গ) একজন কর্মকর্তা বা কর্মচারীর জন্য যে বেতন-ভাতা নির্ধারিত আছে এবং চাকুরিকালীন সময়ে তিনি যে সমস্ত সুযোগ সুবিধা পাওয়ার দাবীদার হবেন তা নিয়োগ পত্রে উল্লেখ করে নিয়োগ পত্র দিতে হবে।

(ঘ) সমিতিতে কর্মসংস্থান ও নিয়োগের জন্য যে বেতন-ভাতা প্রদান করা হবে তা পর্যাপ্ত পরিমান অর্থ প্রাপ্তি সাপেক্ষে কার্যকর হবে। সরকারী বেসরকারী, দেশী-বিদেশী অনুদান এবং সমিতির বিভিন্ন উৎস থেকে উপার্জিত আয়ের মাধ্যমে সঞ্চিত অর্থের পরিমানের উপর নির্ভর করে বেতন-ভাতা সংশোধন করা যেতে পারে। তবে কমপক্ষে ৪ মাস আগে এ বিষয়ে কর্মকর্তা-কর্মচারীকে জানাতে হবে।

মোহাম্মদ মোসলেম
সভাপতি
সুইড বাংলাদেশ

জাওয়াহেরুল ইসলাম শামুন
মহাসচিব
সুইড বাংলাদেশ

আহমুদুল হক তাহের
সুইড বাংলাদেশ

Md. Nurul Islam
Director
SWID Bangladesh

(ঙ) কোন কর্মকর্তা-কর্মচারীর আয়কর অথবা অন্য কোন করের বিষয়ে সমিতির কোন দায় দায়িত্ব থাকবে না। সরকারের নিয়ম অনুযায়ী আয়কর প্রতি অর্থ বছরে সরকার কর্তৃক নির্ধারিত তারিখে কর্মচারী-কর্মকর্তা কর্তৃক দাখিল করতে হবে।

৯। ভ্রমন ভাতা ও দৈনিক ভাতা ঃ

(ক) অফিসিয়াল দায়িত্ব পালনের উদ্দেশ্যে নির্ধারিত ও অনুমোদিত ভ্রমনের জন্য কর্মকর্তা-কর্মচারীগণ অনুমোদিত হারে নির্ধারিত ভ্রমন ভাতা পাবেন। প্রধান কার্যালয় অথবা কর্মস্থলের বাইরে কোন জায়গায় যদি দায়িত্ব পালনের জন্য রাত্রি যাপন করতে হয় তবে তিনি নির্ধারিত ও অনুমোদিত হারে দৈনিক ভাতা পাবেন। একটি নির্ধারিত পরিমান দূরত্ব ভ্রমনের ক্ষেত্রে তিনি যাত্রাকালীন ভাতা পাবেন।

(খ) জাতীয় নির্বাহী কমিটি/শাখা নির্বাহী কমিটির সিদ্ধান্তক্রমে নির্ধারিত হারে ভ্রমন করার পর তিনি এ ভাতা পাবেন। তবে ভ্রমনের শুরুতেই তিনি একটি নির্ধারিত পরিমান অর্থ অগ্রীম হিসেবে নিতে পারবেন যা ভ্রমনের পর পাওনা বিলের সাথে সমন্বয় করা হবে। ভ্রমন সমাপ্তির ৫ কর্ম দিবসের মধ্যে ভাউচার দাখিল না করলে ভ্রমন প্রতিবেদনসহ ব্যয়ের যথাযথ ভাউচার দাখিল না করলে অগ্রীম প্রদত্ত অর্থ বেতন হতে কর্তন করা হবে।

১০। অব্যাহতি বরখাস্ত/পদত্যাগ ঃ

(ক) কোন বিশেষ কারণে যেমন তহবিল (ফান্ড) সল্পতা বা অপ্রতুলতা, কার্যক্রম পরিবর্তন, অসন্তুষ্টি সম্পন্ন কার্যক্রম (unsatisfactory activities) অনানুগত্য সুলভ আচরণ (Insubordination) জনিত কারণে যে কোন কর্মকর্তা-কর্মচারীকে ৩ (তিন) মাসের নোটিশ দিয়ে অথবা নোটিশ পিরিয়ডের পরিবর্তে ৩ (তিন) মাসের বেতন দিয়ে কোন কারণ দর্শানো ব্যতিরেকে চাকুরী থেকে অব্যাহতি প্রদান করা যাবে।

(খ) যে কোন স্থায়ী কর্মকর্তা বা কর্মচারী তার ব্যক্তিগত অসুবিধা জনিত কারণে ২ (দুই) মাসের আগাম নোটিশ প্রদান করে স্বীয় পদ থেকে/চাকুরী থেকে ইস্তফা দিতে পারবেন।

(গ) অস্থায়ীভাবে নিয়োগকৃত যে কোন কর্মচারী বা কর্মকর্তাকে ১ (এক) মাসের নোটিশ অথবা তার পরিবর্তে ১ (এক) মাসের বেতন দিয়ে চাকুরী থেকে অপসারিত বা অব্যাহতি প্রদান করা যাবে।

১১। শাস্তিমূলক ব্যবস্থা ঃ

(ক) যদি কোন কর্মচারী কর্মকর্তা কর্তৃপক্ষের অনুমোদিত কোন নিয়ম/আইনানুগ আদেশ বা শৃংখলা ভঙ্গ করে অথবা দায়িত্বের প্রতি অবজ্ঞা, অবহেলা অথবা অযোগ্যতার প্রমান প্রদর্শন করে অথবা অনানুগত্যসূলভ আচরন করে অথবা এমন কাজে লিপ্ত হয় যা সমিতির ভাবমূর্তী ও মর্যাদা বিনষ্ট করে তবে তাকে জাতীয় নির্বাহী কমিটির সিদ্ধান্ত মোতাবেক যে কোন শাস্তি প্রদান এমনকি চাকুরী থেকে বরখাস্ত করা যাবে।

(খ) অসদাচরণ ও দুর্ব্যবাহারের জন্য কোন কর্মচারীর লিখিত বা ব্যক্তিগতভাবে প্রদান কৃত ব্যাখ্যা শুনানী ব্যতিরেকে তাকে কোন শাস্তি দেয়া যাবে না। শাস্তি প্রদানের আগে জাতীয় নির্বাহী কমিটি কর্তৃক গঠিত দায়িত্ব প্রাপ্ত কমিটিতে তার বিরূদ্ধে অভিযোগের শুনানী হবে এবং অভিযোগ প্রমান হলেই কেবল মাত্র শাস্তি প্রদান করা যাবে।

১২। দায়িত্ব পালনরত অবস্থায় আহত/মৃত্যু ইত্যাদির জন্য ক্ষতিপূরণ ঃ

(ক) কর্তব্যরত অবস্থায় যাতে কর্মকর্তা/কর্মচারী তার ব্যক্তিগত নিরাপত্তার জন্য প্রয়োজনীয় পূর্বসতর্কতা অবলম্বন করে সেটাই কাম্য।

মোহাম্মদ মোসলেম
সভাপতি
সুইড বাংলাদেশ

জওয়াহেরুল ইসলাম মামুন
মহাসচিব
সুইড বাংলাদেশ

মাহমুদুল হক তাহের
সুইড বাংলাদেশ

Md. Nurul Islam
Director
SWID Bangladesh

(খ) দুর্ঘটনাক্রমে যদি কোন কর্মকর্তা/কর্মচারী কর্তব্যরত অবস্থায় দায়িত্ব পালনকালে আহত হন কিংবা মারা যান তবে নিয়োগকারী কর্তৃপক্ষ উক্ত ক্ষতির কারণে একটি নির্ধারিত পরিমান অর্থ ক্ষতিপূরণ হিসেবে ক্ষতিগ্রস্থ কর্মচারীকে অথবা তার পরিবারকে প্রদান করবে। জাতীয় নির্বাহী কমিটি এবং শাখার ক্ষেত্রে শাখা নির্বাহী কমিটি এ ধরনের সিদ্ধান্ত নিবে। ক্ষতির প্রকৃতি ও পরিমান বিবেচনা করে তার জন্য ক্ষতিপূরণ প্রদান করা হবে।

১৩। **কন্ট্রিবিউটারী প্রভিডেন্ট ফান্ড ঃ**

প্রত্যেক স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীগণ কন্ট্রিবিউটারী প্রভিডেন্ট ফান্ডের আওতায় আসবেন। কন্ট্রিবিউটারী প্রভিডেন্ট ফান্ডের (সিপিএফ) মাধ্যমে মূল বেতনের ১০% কর্মকর্তা-কর্মচারীর বেতন থেকে এবং সুইড বাংলাদেশ থেকে ১০% সংগ্রহ করে মোট ২০% তার হিসাবে কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ড হিসেবে জমা থাকবে। প্রভিডেন্ট ফান্ড থেকে কর্মকর্তা-কর্মচারী বিশেষ জরুরী প্রয়োজনে যেমন নিজের ও পরিবারের সদস্যদের চিকিৎসা, সন্তানের লেখা-পড়া, বিয়ে, জমি ও বাড়ী ক্রয়ের জন্য ঋণ নিতে পারবেন। তবে ঋণ নেয়ার ক্ষেত্রে কর্মচারীর অংশের সর্বোচ্য ৮০% নিতে পারবেন এবং এটি বেতন-ভাতা থেকে সর্বোচ্চ ২৪ মাসে পরিশোধ করতে হবে। গৃহীত ঋণ শোধ হওয়ার পর তিনি আবার ঋণ নিতে পারবেন। ঋণ গ্রহণকালীন সময়ে কর্মচারীর অংশের টাকার কোন সুদ তার হিসাবে যোগ হবে না। চাকুরী মেয়াদ ৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পর চাকুরী থেকে পদত্যাগ/অবসর/সেচ্ছায় অবসর গ্রহণের সময় কর্মকর্তা-কর্মচারী প্রভিডেন্ট ফান্ডের সমূদয় নিজের অংশ ও প্রতিষ্ঠানের অংশসহ উত্তোলন করতে পারবেন।

১৪। **অবসর ও অবসর কালীন সুবিধা ঃ**

(ক) একজন কর্মকর্তা-কর্মচারী সর্বোচ্য ৬০ বছর বয়স পর্যন্ত চাকুরি করতে পারবেন, তার পর তিনি অবসরে যাবেন।

(খ) অবসর গ্রহণের সময় কর্মকর্তা-কর্মচারীগণ যারা একাদিক্রমে ২০ (বিশ) বছর সমিতিতে চাকুরি করেছেন–তারা সবাই অবসরকালীন সময়ে যে স্কেলে বেতন-ভাতা প্রাপ্ত ছিলেন ঐ স্কেলে প্রতি বছর চাকুরির জন্য ১ (এক) মাসের মূল বেতনের সমান অর্থ প্রাপ্ত হবেন। আর যে সব কর্মকর্তা-কর্মচারীগণ একাদিক্রমে কমপক্ষে ১০ (দশ) বছর চাকুরি করে চাকুরি অবস্থায় মারা গেছেন তাদের চাকুরীর সময় থেকে হিসেব করে প্রতি বছরের জন্য ১ (এক) মাস হারে বিগত বছরগুলোর মুল বেতনের সমান অর্থ পরিবারে তার মনোনীত ব্যক্তিকে দেয়া হবে। চাকুরিতে একাদিক্রমে ১২ (বার) বছর পূর্ণ না হলে কোন কর্মচারীর পদত্যাগের ক্ষেত্রে এই নিয়ম প্রযোজ্য হবেনা।

(গ) অবসর গ্রহণ বা চাকুরীচ্যুত অবস্থায় কোন কর্মকর্তা বা কর্মচারীর কর্মকাল ১০ (দশ) বছর পূর্ণ না হলে তিনি শুধু মাত্র তার জমানো অর্থ সি পি এফ রুলস অনুযায়ী ফেরত পাবেন।

১৫। **বদলী ঃ**

প্রধান কার্যালয়ে বা শাখার কর্মরত সকল শিক্ষক/ কর্মকর্তা/কর্মচারীকে আবশ্যক বোধে যে কোন কর্মস্থলে বদলী করা যাবে। বদলীর ক্ষেত্রে এক শাখা থেকে অন্য শাখায় বা প্রধান কার্যালয় থেকে যে কোন শাখায় অথবা শাখা থেকে প্রধান কার্যালয়ে বদলী করা যাবে। "শাখার কোন কর্মকর্তা ও কর্মচারীকে বদলী করতে হলে সংশ্লিষ্ট শাখা সমূহের সম্মতি স্বাপেক্ষে করা হবে। দুইটি শাখা পরস্পরের সম্মতিক্রমে বদলী করতে পারবে যা জাতীয় নির্বাহী কমিটিকে অবহিত করবে। কোন প্রকার দন্দ্ব দেখা দিলে এ ক্ষেত্রে জাতীয় নির্বাহী কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত। যদি স্বীয় প্রয়োজনে কেউ বদলী হতে চান, তা হলে বদলীর সমস্ত ব্যয় ও আনুসাঙ্গিক সুবিধা/অসুবিধা সব কিছু তাকে বহন করতে হবে। যদি সমিতির স্বার্থে জাতীয় নির্বাহী কমিটির সিদ্ধান্তে বদলী করা হয় সে ক্ষেত্রে আনুসাঙ্গিক ব্যয় সহ অন্যান্য সুযোগ সুবিধা সমিতি থেকে প্রদান করা।

মোহাম্মদ মোসলেম
সভাপতি
সুইড বাংলাদেশ

জিওয়াহেরুল ইসলাম মামুন
মহাসচিব
সুইড বাংলাদেশ

মাহবুবুল হক তাহের
সুইড বাংলাদেশ

Md. Nurul Islam
Director
SWID Bangladesh

১৬। চাকুরীর বৃত্তান্ত ঃ

(১) প্রত্যেক কর্মচারীর চাকুরির বৃত্তান্ত পৃথকভাবে সংরক্ষণ করা হবে এবং উক্ত বৃত্তান্ত সুইড বাংলাদেশ কর্তৃক নির্ধারিত চাকুরী বইএ সংরক্ষিত থাকবে।

(২) কোন কর্মচারী এতদুদ্দেশ্যে কর্তৃত্ব প্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে প্রতি বছরে একবার তার চাকুরী বই দেখতে পারবেন এবং এরূপ দেখার পর এতে লিপিবদ্ধ বিষয়াদি সঠিক ও সম্পূর্ণ বলে উল্লেখ পূর্বক তারিখসহ স্বাক্ষর করবেন।

(৩) যদি কোন কর্মচারী তার চাকুরী বই দেখবার সময় এতে কোন বিষয় ত্রুটিপূর্ণভাবে লিপিবদ্ধ হয়েছে বা বাদ পড়েছে বলে মনে করেন, তা হলে তিনি এতে সংশোধনের জন্য ১৫ (পনের) দিনের মধ্যে বিষয়টি লিখিতভাবে কর্তৃত্ব প্রাপ্ত কর্মকর্তার দৃষ্টিগোচর করবেন এবং উক্ত কর্মকর্তা চাকুরী বইতে প্রয়োজনীয় সংশোধন করবেন।

১৭। আচরণ ও শৃংখলা ঃ

(১) প্রত্যেক কর্মচারী-

(ক) এই প্রবিধানমালা মেনে চলবেন।

(খ) যে ব্যক্তি বা ব্যক্তিবর্গের এখতিয়ারে তত্ত্বাবধানে বা নিয়ন্ত্রণে কর্মে নিয়েজিত রয়েছেন, তার বা তাদের দ্বারা সময় সময়ে প্রদত্ত সকল আদেশ নির্দেশ পালন করবেন এবং মেনে চলবেন এবং

(গ) সততা, নিষ্ঠা ও অধ্যাবসায়ের সাথে সুইড বাংলাদেশ এর চাকুরি করবেন।

(২) কোন কর্মচারী তার উর্দ্ধতন কর্মকর্তার পূর্ব অনুমতি ব্যতিরেকে দায়িত্বে অনুপস্থিত থাকবেন না কিংবা চাকুরীস্থল ত্যাগ করবেন না।

(৩) কোন কর্মচারী সুইডের বিষয়াদি সম্পর্কে উপযুক্ত কর্তৃপক্ষের পূর্ব অনুমতি ব্যতিত সংবাদপত্র বা অন্য কোন গণমাধ্যমের সাথে কোন যোগাযোগ স্থাপন করবেন না।

১৮। দন্ডের ভিত্তি ঃ

কর্তৃপক্ষের মতে যদি কোন কর্মচারী-

(ক) তার দায়িত্ব পালনে অবহেলার দায়ে দোষী হন অথবা-

(খ) অসদাচরণের দায়ে দোষী হন, অথবা

(গ) পলায়নের দায়ে দোষী হন, অথবা

(ঘ) অদক্ষ হন, অথবা ক্ষমতা হারিয়ে ফেলেন অথবা

(ঙ) চুরি, আত্মসাৎ, তহবিল তসরুপ বা প্রতারনার দায়ে দোষী হন, অথবা

(চ) সুইড বা জাতীয় নিরাপত্তার হানিকর বা নাশকতামূলক কাজে লিপ্ত হন বা অনুরুপ কাজে লিপ্ত রয়েছেন বলে সন্দেহ করার যুক্তি সংগত কারণ থাকে অথবা এরূপ অন্যান্য ব্যক্তিদের সাথে সংশ্লিষ্ট রয়েছেন বলে সন্দেহ করার যুক্তি সংগত কারণ থাকে যে, অন্যান্য ব্যক্তিগণ সুইডে বা জাতীয় নিরাপত্তা হানিকর বা নাশকতামূলক কার্যে লিপ্ত রয়েছেন এবং সে কারণে চাকুরিতে রাখা সমীচিন নহে বলে বিবেচিত হয়, তা হলে কর্তৃপক্ষ উক্ত কর্মচারীর উপর এক বা একাধিকবার দন্ড আরোপ করতে পারেন।

মোহাম্মদ মৌসলেম
সভাপতি
সুইড বাংলাদেশ

জওয়াহেরুল ইসলাম চৌধুরী
মহাসচিব
সুইড বাংলাদেশ

মাহফুজুল হক তাহের
সুইড বাংলাদেশ

Md. Nurul Islam
Director
SWID Bangladesh

সংযুক্তি-'ক'

জনবল কাঠামো

১। জাতীয় নির্বাহী কমিটি/গভর্নিং বডি/ব্যবস্থাপনা পরিষদ কমিটি কর্তৃক প্রধান কার্যালয়সহ সমস্ত শাখা সমূহের কর্মচারী/ কর্মকর্তার সংখ্যা নির্ধারন করা হবে। এ ক্ষেত্রে কাজের পরিধি, ছাত্র-ছাত্রী উপস্থিতি এবং অন্যান্য কর্মকান্ডের উপর ভিত্তি করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। শাখা বিদ্যালয়ের জনবল কাঠামো ছাত্র/ছাত্রীদের অনুপাতে হবে। সেক্ষেত্রে নিম্নবর্ণিত অনুপাতে বিবেচনা করা হবে।

ক) প্রত্যেক বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয়ে অবশ্যই শিক্ষক-শিক্ষার্থীর অনুপাত ১ঃ৫। শিক্ষা সহকারী-শিক্ষার্থী অনুপাত হবে ১ঃ৫। অটিস্টিক বহুমুখী ও গুরুতর প্রতিবন্ধীদের শিক্ষা দানের ক্ষেত্রে প্রয়োজন বোধে ছাত্র শিক্ষক অনুপাত ১ঃ১ বিবেচনা করা হবে। প্রত্যেক বিদ্যালয়ে একজন অফিস সহকারী-কাম-হিসাব রক্ষক এবং একজন নৈশ প্রহরী থাকবে। এর বাইরে কোন শিক্ষক-কর্মচারী প্রয়োজন হলে শাখার নিজস্ব অর্থায়নে রাখতে হবে।

খ) হোম-বেজড প্রোগ্রামের ক্ষেত্রে ছাত্র-শিক্ষক অনুপাত হবে ১০ঃ১ জন এবং সপ্তাহে কমপক্ষে একবার প্রতি ছাত্রের কার্যক্রম পরিদর্শন করতে হবে।

গ) শাখা সমূহে দীর্ঘদিন ধরে যেসব উচ্চতর শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন শিক্ষক-শিক্ষিকা কর্মরত আছেন অর্থাৎ সিনিয়র মোস্ট টিচার তাদের মধ্যে একজন প্রধান শিক্ষক হিসেবে কাজ করবেন। তিনি যদি অফিসের যাবতীয় কাজ করেন তবে সে ক্ষেত্রে অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য তাকে মাসিক ১,৫০০/- (এক হাজার পাঁচ শত) টাকা হারে অতিরিক্ত ভাতা দেয়া যেতে পারে।

ঘ) শাখা স্কুলে যদি প্রতিদিন কমপক্ষে ২৫ জন বুদ্ধি প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীর গড় উপস্থিতি থাকে তবে সে ক্ষেত্রে ১ জন অফিস এসিস্টেন্ট কাম একাউন্টেন্ট (অফিস সহকারী কাম হিসাব রক্ষক) দেয়া হবে।

(ঙ) প্রতি ৫ জন বুদ্ধি প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীর জন্য ১ জন শিক্ষা সহকারী নির্ধারন করা হবে। যদি কোন শ্রেণীতে অতিচঞ্চল/হাইপার একটিভ/ভায়োলেন্ট/অটিষ্টিক কোন ছাত্র-ছাত্রী থাকে তবে সে ক্ষেত্রে একজন অতিরিক্ত শিক্ষা সহকারী দেয়া যেতে পারে।

মোহাম্মদ মোসলেম
সভাপতি
সুইড বাংলাদেশ

জওয়াহেরুল ইসলাম মাসুন
মহাসচিব
সুইড বাংলাদেশ

মাহমুদুল হক তাহের
সুইড বাংলাদেশ

Md. Nurul Islam
Director
SWID Bangladesh

পদবী ও যোগ্যতা

পদ	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	দায়িত্ব (Job Description)
পরিচালক	যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। এমবিএ, পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে। সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ১৫ বছরের অভিজ্ঞতা সম্পন্নদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা কিছুটা শিথিলযোগ্য হতে পারে। কর্মরত বিভাগীয় প্রার্থীদের আবেদন করার সুযোগ থাকবে। পদোন্নতির মাধ্যমে কর্মরতদের মধ্য থেকেও নিয়োগ করা যেতে পারে।	তিনি মহাসচিবের নিয়ন্ত্রণে সমিতির প্রধান নির্বাহী কর্মকর্তা (CEO)/ প্রধান নির্বাহী সচিব হিসেবে কাজ করবেন। প্রশাসন, অর্থ, হিসাব বিভাগ, ক্লিনিক্যাল সার্ভিস, শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ পরিচালকের কাছে তাদের কাজের জন্য দায়ী থাকবেন। পরিচালক তার কাজের জন্য মহাসচিবের কাছে দায়ী থাকবেন। সমিতির যাবতীয় কার্যক্রম দেখাশুনা করবেন। প্রকল্প প্রণয়ন, পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন প্রক্রিয়ায় তিনি সমন্বয়কের ভূমিকা পালন করবেন। সকল কর্মচারী কর্মকর্তাদের নিয়োগ ও বদলী, ছুটি ও কাজের দায়িত্ব পালন করবেন। সর্বোপরি সমিতির সব পর্যায়ের সকল কাজ তিনি তদারকীর মাধ্যমে সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য জাতীয় নির্বাহী কমিটিকে সর্বোতভাবে সহায়তা করবেন। জাতীয় নির্বাহী কমিটির সভা এবং জাতীয় কাউন্সিলের সভাসমূহ আয়োজনের প্রস্তুতিমুলক কাজসহ যাবতীয় কর্মসূচী সম্পাদনে মহাসচিবকে সাহায্য করবেন।
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), উপ-পরিচালক (কার্যক্রম ও প্রতিষ্ঠান/প্রশিক্ষণ ও গবেষণা/ অর্থ ও পরিকল্পনা/প্রশাসন ও ব্যবস্থাপনা) সর্বোচ্চ-৫ জন	অর্থনীতি/ব্যবসায় প্রশাসন/ বিবিএ/ বানিজ্য/ সমাজবিজ্ঞান/ সমাজকল্যাণ/ হিসাব বিজ্ঞান ও ব্যবস্থাপনা/ / মনোবিজ্ঞান বিভাগে স্নাতকোত্তর ডিগ্রী। সংশ্লিষ্ট কাজে প্রাতিষ্ঠানিক/ শিক্ষা/বিশেষ শিক্ষা/ একীভূত শিক্ষা বিষয়ে ৫ বছরের অভিজ্ঞতা। সংশ্লিষ্ট বিষয়ে ১০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদের বেলায় শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে হতে পারে। কর্মরত বিভাগীয় প্রার্থিদের অগ্রাধিকার দেয়া অথবা পদোন্নতির মাধ্যমেও এ পদ পূরণ করা যেতে পারে।	সংশ্লিষ্ট বিভাগের প্রধান হিসেবে প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে কাজ করবেন। তিনি পরিচালকের কাছে জবাবদীহি করবেন এবং তার নিয়ন্ত্রনে কাজ করবেন। পরিচালকদের অধিনস্ত সকল কর্মকর্তা কর্মচারীদের প্রয়োজনীয় নিয়ন্ত্রন ও ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবেন। সকলকে কাজ বন্টন করে দেবেন। প্রকল্প প্রণয়ন, পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করবেন। কর্তৃপক্ষের নির্দেশে অন্য সকল কাজ সম্পাদন করবেন। প্রাতিষ্ঠানিক শিক্ষা/বিশেষ শিক্ষা/একীভূত শিক্ষা সংক্রান্ত বিষয় বিভিন্ন ধরনের কার্যক্রম আয়োজন ও সম্পাদনসহ প্রাতিষ্ঠানিক বিষয়ে সমিতির যাবতীয় কর্মসূচী সম্পাদন করবেন।

মোহাম্মদ মোসলেম
সভাপতি
সুইড বাংলাদেশ

জওয়াহেরুল ইসলাম মামুন
মহাসচিব
সুইড বাংলাদেশ

শহিদুল হক তাহের
সুইড বাংলাদেশ

Md. Nurul Islam
Director
SWID Bangladesh

পদ	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	দায়িত্ব (Job Description)
সহকারী পরিচালক সর্বোচ্চ -৫ জন (বিভিন্ন বিভাগীয় ও বিষয় ভিত্তিক) ব্যবস্থাপনা প্রকৌশলী / মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার	যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে প্রাতিষ্ঠানিক/ শিক্ষা/বিশেষ শিক্ষা/একীভূত শিক্ষা বিষয়ে ৫ বছরের অভিজ্ঞতা। পূর্ত বিভাগে স্নাতক ডিগ্রী	প্রশাসনিক/হিসাব ও অর্থ, প্রাতিষ্ঠানিক শিক্ষা/বিশেষ শিক্ষা/একীভূত শিক্ষা ও প্রশিক্ষণ সংক্রান্ত বিভিন্ন ধরনের কার্যক্রম আয়োজন ও সম্পাদনসহ প্রাতিষ্ঠানিক বিষয়ে সমিতির যাবতীয় দায়িত্ব ও কর্মসূচী সম্পাদন করা। স্থাপনাসহ পূর্ত বিষয়ক কাজকর্ম তদারক ও তত্ত্বাবধান করবেন।
সিনিয়র হিসাব রক্ষণ কর্মকর্তা/ সিনিয়র গণযোগাযোগ কর্মকর্তা, সিনিয়র প্রশিক্ষণ কর্মকর্তা/ সিনিয়র গবেষণা কর্মকর্তা/ সিনিয়র সমন্বয়ক/সিনিয়র ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকর্তা/সিনিয়র নির্বাহী কর্মকর্তা।	সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রীসহ ৬ বছরের কর্ম অভিজ্ঞতা। পদোন্নতির মাধ্যমে শূন্য পদ পুরন।	সংশ্লিষ্ট বিভাগের বাজেট প্রণয়ন, অর্থনৈতিক নীতি বাস্তবায়ন কাজে পরিচালক ও উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ এর নির্দেশনায় অর্থ সচিব ও মহাসচিবকে সহায়তা ও অর্থ আয়-ব্যয় নিয়ন্ত্রণ করবেন। অর্থ বিভাগের কর্মকর্তা প্রধানত আর্থিক ব্যবস্থাপনা ও অন্যান্য কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বিষয়ে কাজ করবেন।
নির্বাহী কর্মকর্তা/ প্রশাসনিক কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা/ গবেষণা/সহকারী সমন্বয়ক/ ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকর্তা/ গনযোগযোগ কর্মকর্তা	সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রিসহ ৩ বছরের কর্ম অভিজ্ঞতা অথবা পদায়ন/পদোন্নতির মাধ্যমে শূন্য পদ পুরন।	অফিসের প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করা। অর্থ আয়-ব্যয় নিয়ন্ত্রণ ও সমিতির হিসাব সংরক্ষণ করা। অর্থ ও হিসাব বিভাগকে সহায়তা করা। সংশ্লিষ্ট বিষয়ে অন্যান্য কর্মকর্তাগনের স্বিয় বিষয় ভিত্তিক কাজ সম্পাদনা ও দ্বায়িত্ব পালন।
সুপারিনটেনডেন্ট	স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে ৭ বছরের অভিজ্ঞতা অথবা পদায়ন/পদোন্নতির মাধ্যমে শূন্য পদ পুরন;	সকল সম্পত্তির তত্ত্বাবধান, সংরক্ষণ এবং দেখাশুনা করা। খাজনা, ট্যাক্স, কর, ভ্যাট, পরিশোধ, ভাড়া আদায় ইত্যাদি কাজ করা। দলিল, দস্তাবেজ, রেকর্ডপত্র, দ্রব্য-সামগ্রী ও মালামাল রক্ষণাবেক্ষন করা।
ক্লেরার টেকার/সুভারভাইজার	স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে ৫ বছরের অভিজ্ঞতা অথবা পদায়ন/ পদোন্নতির মাধ্যমে শূন্য পদ পুরন;	সকল সম্পত্তির তত্ত্বাবধান, সংরক্ষণ ও দেখাশুনা করা। খাজনা, ট্যাক্স, কর, ভ্যাট, পরিশোধ, ভাড়া আদায় ইত্যাদি কাজ সম্পাদন করা। দলিল ও জিনিস পত্র রক্ষণাবেক্ষন এবং সুপারিনটেনডেন্টের নির্দেশনা মতো কাজ করা।
